

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৩

১১. বিবাহ অধ্যায় (حلياب النكاح)

পরিচ্ছেদঃ ৪০. মনিবের অনুমতি ব্যতীত কোনো দাসের বিবাহ করা প্রসঙ্গে

بَابِ فِي الْعَبْدِ يَتَزَوَّجُ بِغَيْرِ إِذْنِ سَيِّدِهِ

আরবী

حَدَّقَنَا مَالِكُ بْنُ إِسْمَعِيلَ حَدَّقَنَا مِنْدَلُ بْنُ عَلِيٍّ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمْرَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَيُّمَا عَبْدٍ تَزَوَّجَ بِغَيْرِ إِذْنِ مَوَالِيهِ فَهُوَ زَانٍ

বাংলা

২২৭৩. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "কোন ক্রীতদাস যদি তার মালিকের অনুমতি ব্যতীত বিবাহ করে, তবে সে ব্যভিচারী।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদে দু'টি ক্রটি বিদ্যমান: ১. মানদাল ইবনু আলী যয়ীফ; ২. ইবনু জুরাইজ এটি 'আন'আন' পদ্ধতিতে বর্ণনা করেছেন।

তাখরীজ: তুরসূসী, আল মুসনাদে ইবনু উমার নং ৯৩; ইবনু মাজাহ নিকাহ ১৯৬০; আবূ নুয়াইম, যিকরু আখবারুল আসবাহান ১/৯১; আবূ দাউদ, নিকাহ ২০৭৯: 'কোনো দাস তার মনিবের অনুমতি ব্যতীত বিয়ে করলে তা বাতিল।" আবূ দাউদ বলেন, হাদীসটি যয়ীফ; এটি ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু এর বক্তব্য; বাইহাকী, নিকাহ ৭/১২৭; আব্দুর রাযযাক ১২৯৮২; ইবনু আবী শাইবা ৪/২৬১।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন